

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নম্বরঃ ১০৬২ [আন্তর্জাতিক নম্বরঃ ১০৫৫]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৮৯: মসজিদে যাওয়ার ফযীলত

(189) بَابُ فَضْلِ الْمَشْيِ إِلَى الْمَسَاجِدِ

আরবী

وَعَنْ أَبِي بِنِ كَعْبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: كَانَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ لَا أَعْلَمُ أَحَدًا أَبْعَدَ مِنَ الْمَسْجِدِ مِنْهُ، وَكَانَتْ لَا تُخْطِئُهُ صَلَاةٌ، فَقِيلَ لَهُ: لَوْ اشْتَرَيْتَ حِمَارًا لَتَرَكَبَهُ فِي الظُّلُمَاءِ وَفِي الرَّمَضَاءِ، قَالَ: مَا يَسُرُّنِي أَنْ مَنَزَلِي إِلَى جَنْبِ الْمَسْجِدِ، إِنِّي أُرِيدُ أَنْ يُكْتَبَ لِي مَمْشَايَ إِلَى الْمَسْجِدِ، وَرُجُوعِي إِذَا رَجَعْتُ إِلَى أَهْلِي . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «قَدْ جَمَعَ اللَّهُ لَكَ ذَلِكَ كُلَّهُ» رواه مُسْلِمٌ

বাংলা

৩/১০৬২। উবাই ইবনে কা'ব রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, এক আনসারী ছিল। মসজিদ থেকে তার চাইতে দূরে কোনো ব্যক্তি থাকত বলে আমার জানা নেই। তবুও সে কোনো নামায (মসজিদে জামাতসহ) আদায় করতে ত্রুটি করত না। একদা তাকে বলা হল, 'যদি একটা গাধা খরিদ করতে এবং রাতের অন্ধকারে ও উত্তপ্ত রাস্তায় তার উপর আরোহণ করতে, (তাহলে ভাল হত)।' সে বলল, 'আমার বাসস্থান মসজিদের পাশে হলেও তা আমাকে আনন্দ দিতে পারত না। কারণ আমার মনস্কামনা এই যে, মসজিদে যাবার ও নিজ বাড়ি ফিরার সময় কৃত প্রতিটি পদক্ষেপ যেন লিপিবদ্ধ হয়।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তার এহেন পুণ্যাগ্রহ দেখে) বললেন, "নিশ্চিতরূপে আল্লাহ তোমার (ভাগ্যে) তা সমস্তই জুটিয়েছেন।" (মুসলিম)[1]

English

(189) Chapter: The Excellence of Proceeding towards the Mosque Walking

Ubayy bin Ka'b (May Allah be pleased with him) reported: There was a man of the Ansar whose house was the farthest from the mosque. As far as I know, he never missed Salat (in congregation). It was said to him: "If you buy a donkey, you may ride upon it in the dark nights and in the hot days." He said: "I do not like that my house should be situated close to the mosque. I desire that my walking towards the mosque and

returning home be recorded to my credit." Upon this the Messenger of Allah (ﷺ) said, "Allah has gathered all (rewards) for you."

[Muslim].

Commentary: We learn from this Hadith that the location of the mosque at a long distance from one's house is advantageous in the sense that one gains merits at every step when he goes to the mosque and returns from it. Not only that, a minor sin of him is also pardoned at every step. This Hadith also highlights the merit of good intention. One can attain many heights by dint of one's good intentions.

ফুটনোট

[1] মুসলিম ৬৬৩, আবু দাউদ ৫৫৭, ইবনু মাজাহ ৭৮৩, আহমাদ ২০৭০৯, দারেমী ১২৮৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=25252>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন